# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College under University of Calcutta)

**B.A./B.Sc. FIRST SEMESTER EXAMINATION, JANUARY 2015**

**FIRST YEAR**

**BENGALI (General)**

Date : 10/01/2015

Time : 11 am – 2 pm

Paper : I

Full Marks : 75

১। কারণ উল্লেখ করে প্রদত্ত বানান শুদ্ধ করো (যে কোন **চারটি**) ঃ (৪ × ৫)

মন্ত্রিগিরি, ডাকাতী, মসৃন, ধূলিষ্যাৎ, রামায়ন, পরিশেবা, মনিষি, প্রকাণ্ড, ষান্মাসিক, ভৌগলিক।

২। প্রদত্ত অংশের মূল ভাবটি নিয়ে সম্পূর্ণ নিজের ভাষায় অনধিক ৪০টি শব্দে সারাংশ রচনা করো ঃ (১ × ১০)

মানবসভ্যতা গড়ে উঠেছে জ্ঞানের আলোকে, তার ইন্দ্রিয়ের প্রত্যক্ষ অনুভূতি থেকে, যাকে বলা যেতে পারে তার প্রকৃতিদত্ত বা জন্মগত অধিকার। কিন্তু এই ইন্দ্রিয়ানুভূতির জ্ঞান খুবই সীমাবদ্ধ। কারণ এই জ্ঞান তার নিজের কোন চেষ্টার অপেক্ষা রাখে না। এটা তার আপন উপার্জিত জ্ঞান নয়। কিন্তু মানুষ তার আপন মন ও বুদ্ধির প্রভাবে যখন এই জ্ঞানের পরিধিকে বাড়িয়ে তুলবার চেষ্টা করে তখন তাকে বলা হয় বিজ্ঞান। প্রকৃতপক্ষে মানুষ জ্ঞানের কোন সীমানা এ পর্যন্ত নির্দেশ করতে পারে নি। এ কারণে বিজ্ঞানের সংজ্ঞা হচ্ছে এক সতত অপসৃয়মান লক্ষ্যের অভিমুখে বিরামহীন অনুসরণ। এ লক্ষ্য হচ্ছে পরম জ্ঞান বা পরম সত্য, যা জানলে আর কিছুই জানবার থাকে না। জ্ঞান একটি শক্তিবিশেষ। এই জ্ঞানের বা বিজ্ঞানের সাধনাতেই মানুষ হয় শক্তিমান।

**অথবা,**

শিল্প হল কল্পনা। রেখায় রঙে রূপে রসানুভূতির প্রকাশ। রসের উদ্রেক করাতেই তার সার্থকতা। প্রকাশের জন্য করণকৌশলের প্রয়োজন আছে; সে হল উপায়, উদ্দেশ্য নয়; করণকৌশলের জ্ঞান শিল্পের প্রেরণাও নয়। শিল্পীর কাজে রসেরই প্রেরণায় রূপের একটি প্রাণময় ছন্দ সৃজিত হয় এবং বিশেষ রূপের বিশেষ ছন্দ বিশ্বব্যাপী প্রাণের ছন্দে মিলিত ও সমন্বিত হয়। একে দরদ বলা চলে; এই দরদের ফলে শিল্পী যা তাঁর ধ্যানের বস্তু, যা তাঁর প্রকাশের বিষয়, তার সঙ্গে একাত্ম হয়ে যান। শিল্পের ভিতর শিল্পীও অমরতা পান। শিল্পীর জীবন — শিল্পীর সত্তা — শিল্পের স্বচ্ছ মুকুরে প্রতিভাত হয়; উভয়কে পৃথক করা চলে না।

শিল্প হল সৃষ্টি। স্বভাবের অনুকরণ নয়। বাহ্য স্বভাবের মধ্যে সৃষ্টির যে আবেগ নিরন্তর ক্রিয়াশীল, শিল্পীর স্ব-ভাবেও তারই প্রেরণা, তারই ক্রিয়া; সুতরাং, অনুকরণের কথা ওঠে না।

শিল্প হল শিল্পীর ধ্যান বা 'চিন্তা'; অন্যের ধ্যানে বা 'চিন্তা'য় সঞ্চারিত হতে হলে তাকে সংহত রূপ নিতে হয়। জনে জনে সঞ্চারিত হয় অনেক - কিছুই অনেক উপায়ে; রসের সঞ্চার হয় একমাত্র শিল্পের ভাষায়।

৩। ফোর্ট উইলিয়াম কলেজে বাংলা গদ্যচর্চার ধারায় উইলিয়াম কেরী, রামরাম বসু এবং মৃত্যুঞ্জয় বিদ্যালংকারের ভূমিকা আলোচনা করো। (১০)

**অথবা,**

বাংলা গদ্য সাহিত্য চর্চায় স্বামী বিবেকানন্দের অবদান আলোচনা করো।

৪। যে কোন **<u>একটি</u>** বিষয়ে টীকা লেখো ঃ (১ × ৫)

ক) বিদ্যাসাগরের শকুন্তলা ও সীতার বনবাস

খ) শ্রীরামপুর মিশনের জন টমাস ও জশুয়া মার্শম্যান

৫। যে কোন **<u>দুটি</u>** প্রশ্নের উত্তর দাও ঃ (২ × ১০)

ক) বাংলা কবিতায় ঈশ্বর গুপ্তের গুরুত্ব পর্যালোচনা করো।

খ) স্বদেশপ্রেম রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের আখ্যান কাব্যগুলিতে কিভাবে প্রকাশ পেয়েছে তা আলোচনা করো।

গ) বাংলা উপন্যাসে বঙ্কিমচন্দ্রের অবদান আলোচনা করো।

ঘ) বাংলা নাটকের যে কোন প্রকার আলোচনায় মধুসূদন এক অত্যন্ত প্রাসঙ্গিক অধ্যায়, কেন তা আলোচনা করো।

৬। যে কোন **<u>দুটি</u>** বিষয়ে টীকা লেখো ঃ (২ × ৫)

ক) জামাইবারিক

খ) সধবার একাদশী

গ) বীরাঙ্গনা

ঘ) সাধের আসন